

মুক্তিযুদ্ধের স্মৃতি বিজরিত বাঁশতলার সংক্ষিপ্ত পরিচিতি

বাঁশতলা মহান মুক্তিযুদ্ধের স্মৃতি বিজরিত একটি স্থান। যেটি দোয়ারাবাজার উপজেলার বাংলাবাজার ইউনিয়নে অবস্থিত। বাঁশতলা মহান মুক্তিযুদ্ধের সময় ০৫নং সেক্টরের সাব সেক্টর ছিল। স্থানটি ভারত বাংলাদেশের সীমান্ত রেখা বরাবর অবস্থিত, যার তিন দিকে ভারতের মেঘালয় রাজ্যের পাহাড় দ্বারা বেষ্টিত। মহান মুক্তিযুদ্ধের সময় শাহাদাৎ বরনকারী অনেক মুক্তিযোদ্ধাকে এখানে সমাহিত করা হয়েছে। এখানে শহীদদের স্মৃতির সন্মানে নির্মাণ করা হয়েছে স্মৃতিসৌধ। এখানে একটি উন্মুক্ত মঞ্চ রয়েছে, যেখানে মহান স্বাধীনতা দিবস ও মহান বিজয় দিবসের অনুষ্ঠান আয়োজন করা হয়। দেশ বিদেশের অনেক পর্যটক শহীদদের স্মৃতির প্রতি সম্মান জানাতে এখানে ভীড় করে।

মোঃ শাকিল আহমেদ
সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়
সুনামগঞ্জ